

সকল কৃষকে ডেকে বলে হীরামন।
 চল সবে করি গিঠা ঠাকুর দর্শন।।
 হয় তোরা অগ্রেতে যা, পরে আমি যা'ব।
 নহে তোরা সবে চল ঠাকুর দেখিব।।'
 এত বলি আগে চলে বালা হীরামন।
 বাটীর উপরে গিয়া উঠিল তখন।।
 ঠাকুরের মনোহর ফুলসাজ দেখি।
 একদৃষ্টে চেয়ে রহে ঠাকুর নিরখি।।'
 ঠাকুর চাহিয়া বলে হীরামন পানে।
 'রামাবতারের বীর ছিল কোনখানে?
 আমাকে দেখিবে বলে প্রাঙ্গণে দাঁড়ায়।
 রামাবতারের বীর দেখ মৃত্যুঞ্জয়।।'
 কথা শুনি হীরামন পূর্বস্মৃতি পেল।
 একদৃষ্টে প্রভু পানে চাহিয়া রহিল।।
 মহাপ্রভু ডেকে বলে সেই হীরামনে।
 'রামাবতারের কথা পড়ে তোর মনে।।
 লঙ্কাদগ্ন বনভঙ্গ সাগর লঙ্ঘন।
 রাজপুত্র বনবাসী নারীর কারণ।।
 ভেবে দেখ মনে তাহা হয় কি না হয়।
 যে সকল কার্য বাছা করিলি ত্রেতায়া।।'
 প্রথম কৃষ্ণাঙ্গ বিরদপাক্ষ সমুদ্ভব।
 দ্বিতীয় মহান, রুদ্র অযোনীসম্ভব।।
 তৃতীয় শ্রীহনুমান রাম নাম অঙ্গে।
 চতুর্থে মুরলীগুপ্ত শচীসূত সঙ্গে।।
 পঞ্চমে তুলসীদাস ষষ্ঠে হীরামন।
 আদি 'হী', অন্তে 'ন', মধ্যে রাম নারায়ণ।।
 হনুমান দ্বি 'ন' কার এ কোন কারণ?
 হীন হ'য়ে হীনমধ্যে শ্রীরাম স্থাপন।।
 উমার উকার পঞ্চজন্ম সঙ্গ করি।
 লীলার প্রধান সঙ্গ শক্তিরূপ ধরি।।
 যুগে যুগে মহাপ্রভু অপূর্ব মিলন।
 বলে কবি গেল রবি হরি বল মন।।

হীরামনের শ্রীরামরূপ দর্শন

আদ্যোপান্ত বৃত্তান্ত শুনিয়া হীরামন।
 অব্যবহিত অশ্রুপাথে ভেসেছে নয়ন।।
 'হীরামন' 'হীরামন' আর বাক্য নাই।
 শিথিল সবল দেহ ঘন ছাড়ে হাই।।
 অনিমেঘ নেত্রে রূপ দেখে হীরামন।
 যশোবস্তুরূপ হরি লুকা'ল তখন।।
 অভিনব রূপ নব দূর্বাদলশ্যাম।
 দেখিতে দেখিতে হ'ল দাশরথি রাম।।
 আর যত লোক ঠাকুরের ঠাই ছিল।
 সবে দেখে প্রভু হরিচাঁদ দাঁড়াইল।।
 হীরামন দেখিল সাক্ষাৎ সেই রাম।
 শিরে জটা বাকলাটা সুন্দর সুঠাম।।
 একা হীরামন দেখে রাম দয়াময়।
 সে রূপের আভামাত্র দেখে মৃত্যুঞ্জয়।।
 বামপার্শ্বে কুম্ভিমধ্যে দেখে ধনুগুণ।
 কটিতে বাকল শিরে জটা কক্ষে তুণ।।
 বনবাসে যেই বেশে যান ঋষ্যমুখে।
 তেন্নি রূপ অপরাপ হীরামন দেখে।।
 রামরূপে ক্ষণকাল দাঁড়াইয়া ছিল।
 হীরামন পানে চাহি অমনি বসিল।।
 হীরামন পানে প্রভু একদৃষ্টে চায়।
 নিরখি ধরিয়া হীরামন চেয়ে রয়।।
 হীরামন স্কন্ধে ছিল বাঁশ এক খণ্ড।
 থোড়া বাঁশ ধান্য-তুণ-আকর্ষণী দণ্ড।।
 স্পন্দহীন বাক্যরোধ ভুজে নাহি বল।
 পড়ে গেল থোড়া বাঁশ চক্ষে বহে জল।।
 লোমকূপ ক্ষুদ্র ক্ষুদ্র স্ফোটন আকার।
 স্বেদ বহে শরীর চমকে বার বার।।
 অবশ হইল অঙ্গ পড়িল ধরায়।
 প্রভু বলে 'ওরে ধর ধর, মৃত্যুঞ্জয়।।